দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 10 NOV 2007 ...
পৃষ্ঠা ... ১২ কলাম ... ৪ ......

# ২৪ সরকারী স্কুলে ভর্তিযুদ্ধ কার্যক্রম শুরু হচ্ছে আগামী মাসে

মোশতাক আহমেদ ॥ নামীদামী বেসরকারী স্কুলের পাশাপাশি ধনী-গরিব সবার জন্য অনুকূল রাজধানীর চব্বিশ সরকারী স্কুলের প্রথম থেকে নবম শ্রেণীর ভর্তিযুদ্ধের কার্যক্রম শুরু হচ্ছে আগামী মাসে। ফরম বিতরণ শুরু ডিসেম্বরের প্রথম দিকে এবং পরীক্ষা অনুষ্ঠিত হবে জানুয়ারির দ্বিতীয় সপ্তাহে। এবার ভোটার তালিকা তৈরির কারণে ভর্তি পরীক্ষার তারিখ এবং গ্রুপ বিভক্ত করতে সাবধানী হতে হচ্ছে। এ কারণে গেলবারের গ্রুপের কিছুটা হেরফের হতে পারে। আগামী ১৪ নবেম্বর সভা করে এই চব্বিশ স্কুলের ভর্তি পরীক্ষার ফরম বিতরণ এবং পরীক্ষার চূড়ান্ত তারিখ ঠিক করা হবে বলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর সূত্রে জানা গেছে।

অন্যদিকে নতুন করে ভাল প্রতিষ্ঠান না হওয়ায় ঘুরে ফিরে রাজধানীর গুটিকয়েক স্কুলের ওপরই চাপ বাড়ছে। সমান সুযোগ সুবিধা নিয়ে কার্যক্রম চললেও রাজধানীর ২৪ স্কুলের মধ্যে হাতেগোনা কয়েকটি স্কুলই ভাল করছে। পিছিয়ে পড়ছে অন্য স্কুলগুলো। ভর্তির ক্ষেত্রেও হাতেগোনা এসব নামীদামী স্কুলেই হচ্ছে মূলত চরম প্রতিদ্বন্দ্বিতা। তীব্র আসন সঙ্কটের কারণে এসব শিক্ষা প্রতিষ্ঠানে একটি আসন দখল করতে শিশুদের লড়তে হয় অনেকটা যুদ্ধের মতো।

(৩ পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)

## ২৪ সরকারী স্কুলে

(১২-এর পাতার পর)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের সূত্রটি বলেছে, আগামী ১৪ নবেম্বর সরকারী স্কুলের ভর্তি পরীক্ষা ও ফরম বিতরণের তারিখ নির্ধারণে সভা অনুষ্ঠিত হবে। এই সভা থেকেই তারিখ চূড়ান্ত করা হবে। তবে একটি সূত্র বলেছে এবারও তিনটি গ্রুপে বিভক্ত করে এই চব্বিশ স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। জানুয়ারির দ্বিতীয় সপ্তাহের দিকে পরীক্ষা তারিখ ঠিক করা হবে আর ফরম বিতরণ করা হবে আগামী মাসের প্রথম দিকে। সূত্রটি আরও বলেছে, ভোটার তালিকা তৈরির কথা মাথায় রেখে এবার পরীক্ষার তারিখ নির্ধারণ করতে হচ্ছে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের সূত্র মতে, গতবারের মতো এবারও প্রথম থেকে নবম শ্রেণীর এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে এক শ' নম্বরের ভিত্তিতে (বাংলা, ইংরেজী ও অঙ্ক)। দু'টি শিফটে অনুষ্ঠিত হবে পরীক্ষা।এরমধ্যে প্রথম থেকে পঞ্চম শ্রেণীর পরীক্ষা শুরু হবে সকাল দশটায় এবং ষষ্ঠ থেকে নবম শ্রেণীর পরীক্ষা শুরু হবে দুপুর একটায়। অবস্থাদৃষ্টে প্রথম ও নবম শ্রেণীর পরীক্ষা অনুষ্ঠিত হলেও মূল প্রতিদ্বন্দ্বিতা হবে প্রথম ও ষষ্ঠ শ্রেণীর ভর্তি পরীক্ষায়।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালক প্রফেসর আওরঙ্গজেব বলেন, আগামী মিটিংয়েই ভর্তি পরীক্ষার তারিখসহ যাবতীয় নিয়মকানুন ঠিক করা হবে।

তিনটি গ্রুপের আওতায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের অধীনে কেন্দ্রীয়ভাবে অনুষ্ঠিত হবে ভর্তি পরীক্ষা। প্রতিটি গ্রুপে আটটি করে স্কুল থাকবে। একটি সূত্র বলেছে গতবারের মতোই 'ক' গ্রুপের আওতায় থাকবে ঢাকা গভঃ ল্যাবরেটরী হাইস্কুল, মিরপুর সরকারী উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, খিলগাও সরকারী উচ্চ বিদ্যালয়, নবাবপুর সরকারী উচ্চ বিদ্যালয়, নিউ গভঃ গার্লস হাইস্কুল, ইসলামিয়া সরকারী উচ্চ বিদ্যালয় এবং মোহাম্মদপুর সরকারী উচ্চ বিদ্যালয়ের পরীক্ষা। 'খ' গ্রুপে থাকবে, মতিঝিল সরকারী বালক উচ্চ বিদ্যালয়, নারিন্দা সরকারী উচ্চ বিদ্যালয়, গভঃ মুসলিম হাইস্কুল, বাংলাবাজার সরকারী উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর সরকারী বালক উচ্চ বিদ্যালয়, সরকারী বিজ্ঞান কলেজ (স্কুল সেকশন), ধানমন্ডি সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় এবং ধানমন্ডি কামরুন্নেসা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়।